# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৮৭

৩/ বিতর (أَبْوَابُ الْوِتْرِ)

পরিচ্ছেদঃ নবী (ﷺ) এর উপর সালাত (দরূদ) পাঠের ফযীলত।

باب مَا جَاءَ فِي فَضْلِ الصَّلاَةِ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم

---

আরবী

حَدَّثَنَا عَبَّاسٌ الْعَنْبَرِيُّ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ، عَنِ الْعَلاَءِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَعْقُوبَ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ قَالَ عُمَرُ بْنُ الْخَطَّابِ لاَ يَبِعْ فِي سُوقِنَا إِلاَّ مَنْ قَدْ تَفَقَّهَ فِي الدِّينِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . عَبَّاسٌ هُوَ ابْنُ عَبْدِ الْعَظِيمِ . قَالَ أَبُو عِيسَى وَالْعَلاَءُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ هُوَ ابْنُ يَعْقُوبَ وَهُوَ مَوْلَى الْحُرَقَةِ وَالْعَلاَءُ هُوَ مِنَ التَّابِعِينَ سَمِعَ مِنْ أَنَسِ بْنِ مَالِكٍ وَغَيْرِهِ . وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ يَعْقُوبَ وَالِدُ الْعَلاَءِ هُوَ أَيْضًا مِنَ التَّابِعِينَ سَمِعَ مِنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ وَابْنِ عُمَرَ . وَيَعْقُوبُ جَدُّ الْعَلاَءِ هُوَ مِنْ كِبَارِ التَّابِعِينَ أَيْضًا قَدْ أَدْرَكَ عُمَرَ بْنَ الْخَطَّابِ وَرَوَى عَنْهُ . أبواب الجمعة عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم .

বাংলা

৪৮৭. আব্বাস ইবনু আবদিল আযীম আল-আম্বারী (রহঃ) ...... ইয়াকূব (রহঃ) থেকে বর্ণিত যে, উমর ইবনুল খাত্তাব রাদিয়াল্লাহু আনহু বলেছেনঃ দ্বীন সম্পর্কে যার সম্যক জ্ঞান আছে সে ব্যতীত আর কেউ যেন আমাদের বাজারে লেনদেন না করে। - তিরমিজী হাদিস নম্বরঃ ৪৮৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-গারীব। আব্বাস হলেন ইবনু আবদুল আযীম। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ রাবী আ'লা ইবনু আবদির রহমান হলেন ইবনু ইয়াকূব। তিনি ছিলেন হুযাফার আযাদকৃত দাস। তিনি তাবিঈ। আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু এবং অপর কতিপয় সাহাবী রাদিয়াল্লাহু আনহু থেকে তিনি হাদীস শুনেছেন। তাঁর পিতা আবদুর রহমান ইবনু ইয়াকূব (রহঃ)-ও তাবিঈ। তিনি আবূ হুরায়রা ও আবূ সাঈদ আল খুদরী রাদিয়াল্লাহু আনহুমা থেকে হাদীস শুনেছেন। ইয়াকূব (রহঃ)-ও ছিলেন জ্যৈষ্ঠ তাবিঈনের অন্তর্ভক্ত। তিনি উমর রাদিয়াল্লাহু আনহু-কে পেয়েছেন এবং তাঁর বরাতে হাদীসও বর্ণনা করেছেন।

## English

Umar bin Al-Khattab [may Allah be pleased with him] said:
"No one should sell in our markets except one who has understanding in the religion."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17676

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন